

তারিখ: ১৬-০৮-২০২০

সংবাদ বিজ্ঞপ্তি

বাংলাদেশের সক্রিয় ৩য় শ্রেণীর রেফারী হতে ২য় শ্রেণী রেফারী, ২য় শ্রেণীর রেফারী হতে ১ম শ্রেণী রেফারী ও ১ম শ্রেণীর রেফারী হতে জাতীয় রেফারীগনের পদোন্নতি পরীক্ষা আগামী ৩০ ও ৩১ অক্টোবর ২০২০ তারিখ ঢাকায় অনুষ্ঠিত হবে। পরীক্ষায় অংশগ্রহণে আগ্রহী রেফারীদের নিম্নলিখিত শর্তপূরণ সাপেক্ষে আগামী ৩০ সেপ্টেম্বর ২০২০ তারিখের মধ্যে সংযুক্ত ফরম পূরণ করতঃ সাধারণ সম্পাদক, বাংলাদেশ ফুটবল ফেডারেশন সচিবালয় বরাবর আবেদন করতে অনুরোধ জানানো যাচ্ছে।

শর্তাবলী:

১. ১ম/২য়/৩য় শ্রেণীর রেফারী হিসেবে যোগ্যতা অর্জনের পর ০১-০৯-২০২০ তারিখে কমপক্ষে ২ (দুই) বৎসর সক্রিয়ভাবে রেফারীং করতে হবে।
২. সর্বশেষ পদোন্নতির পর প্রতিবৎসর বাফুফে কর্তৃক আয়োজিত প্রফেশনাল লীগ/সিনিয়র ডিভিশন ফুটবল লীগ/ টুর্নামেন্টে (ফেডারেশন কাপ/জাতীয় ফুটবল/অনুর্ধ্ব-১৮/চ্যাম্পিয়নস ক্লাব কাপ) কমপক্ষে ১০ (দশ) টি খেলায় রেফারী/সহকারী রেফারী হিসেবে দায়িত্ব পালনের অভিজ্ঞতা থাকতে হবে। এছাড়াও নিজ জেলায় ডিএফএ/ ডিএসএ আয়োজিত লীগ/টুর্নামেন্টে কমপক্ষে ১০(দশ) টি খেলায় রেফারী হিসেবে ও ১৫(পনের) টি খেলায় সহকারী রেফারী হিসেবে দায়িত্ব পালনের অভিজ্ঞতা থাকতে হবে।
৩. রেজিস্ট্রেশন ফি বাবদ ১০০০/- (একহাজার) টাকা প্রদান করতে হবে।

আবেদনকারীকে আবেদন পত্রের সাথে নিম্নোক্ত কাগজ জমা দিতে হবে;

- ❑ খেলা পরিচালনার বিস্তারিত বিবরণ ডিএফএ/ ডিএসএ-এর সভাপতি/সাধারণ সম্পাদক কর্তৃক সত্যায়িত করে জমা দিতে হবে।
- ❑ শিক্ষাগত সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি, পাসপোর্টের ফটোকপি/জাতীয় পরিচয় পত্রের ফটোকপি জমা দিতে হবে।
- ❑ বাফুফের রেফারীজ কমিটি কর্তৃক প্রকাশিত রেফারী পরীক্ষার পাশের বিজ্ঞপ্তির কপি জমা দিতে হবে।
- ❑ সদ্য তোলা ২ কপি ছবি।
- ❑ বাফুফে কর্তৃক প্রদানকৃত রেজিঃ নম্বর।

আবেদনকারীদের আবেদনপত্র যাচাই বাছাইয়ের পর চূড়ান্তভাবে মনোনীত রেফারীদের নিম্নলিখিত পরীক্ষা সমূহে অংশগ্রহণ করতে হবে :-

- ❖ ফিজিক্যাল ফিটনেস টেস্ট।
- ❖ ল'জ অফ দি গেম এর উপর লিখিত পরীক্ষা।
- ❖ মৌখিক পরীক্ষা।

পরীক্ষায় অংশগ্রহণকারীদের নিজ দায়িত্বে ঢাকায় থাকার ব্যবস্থা করতে হবে এবং কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

আহসান আহমেদ অমিত

হেড অব মিডিয়া

বাংলাদেশ ফুটবল ফেডারেশন।